
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার


নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



সামান্থার হাতের এই ঘড়ির যা দাম তা দিয়ে কেনা যাবে বিলাসবহুল গাড়ি!

পৃঃ ৫



মায়ামির হারে মেসির স্বপ্নভঙ্গ

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩০৮ ● কলকাতা ● ৩০ কার্তিক, ১৪৩১ ● শনিবার ● ১৬ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# অর্জুন সিং কে মেরে ফেলার চক্রান্ত চলছে

## সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে এমনই দাবি তার



বেবি চক্রবর্ত্তী:কলকাতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গতকাল সিআইডি দপ্তরে হাজিরা দিতে যাওয়ার আগে বিস্ফোরক মন্তব্য করেন ব্যারাকপুরের প্রাক্তন বিজেপি সাংসদ অর্জুন সিংহ। তার দাবি, তাকে, শুভেন্দু অধিকারী সহ আরও বেশ কিছু মানুষকে রাশিয়া থেকে রাসায়নিক নিয়ে এসে মেরে ফেলার চক্রান্ত হচ্ছে। আর সেই বক্তব্য নিয়ে রীতিমত শোরগোল পড়ে যায় রাজ্য রাজনীতিতে।আর এবার সেই বিষয় নিয়ে প্রশ্ন করতে বড় মন্তব্য করলেন বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য। এদিন অর্জুন সিংহের এই বক্তব্য নিয়ে শমীকবাবুকে একটি প্রশ্ন করা হয়। আর সেই প্রশ্নের উত্তর দিতে গিয়ে তিনি বলেন,অর্জুন সিংহ খবর রাখেন। তিনি দীর্ঘদিন ধরে রাজনীতি করছেন। তিনি বিজেপিতে আসার পর তাকেও তো মেরে ফেলার কম চেষ্টা হয়নি। তাই তার এই কথা তো অপ্রাসঙ্গিক নয়। তিনি যা বলেছেন, নির্দিষ্ট তথ্য প্রমাণ নিয়ে তার ভিত্তিতেই বলেছেন।"

# পুরীর মন্দিরের সঙ্গে কোথায় মিল দিঘার জগন্নাথ মন্দিরের?

## বিগ্রহ কিসের তৈরি? জানালেন মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিউ টাউন আদিবাসী ভবনে বিরসা মুন্ডার ১৫০তম জন্ম দিবস উদযাপন অনুষ্ঠানে যোগ দিতে আসছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী বলায় সাঁওতালি ভাষায় কথা বললেন বীরবাহা হাঁসদা। মমতা বলেন, "আজকের বিরসা মুন্ডার ১৫০তম জন্মদিন পালন করতে পেরে আমি গর্বিত। আগামী সাতদিন বিভিন্ন জেলায় ব্লকে অনুষ্ঠান হবে এই উপলক্ষে।মমতা জানান, সাঁওতালি অভিধান চালু হয়েছে। এরপরেই আসেন দিঘার নতুন মন্দিরের কথায়। মমতা বলেন, "দিঘায় যে জগন্নাথ মন্দির হচ্ছে উচ্চতা এক পুরীর মন্দিরের সঙ্গে। জায়গা আরও বেশি। দিঘায় চৈতন্যদেবের নামে তোরন হচ্ছে। নাম দিয়েছি 'চৈতন্যধাম'। আমি যাব গিয়ে দেখব কতটা কাজ তৈরি হয়েছে। অসম্পূর্ণ কাজ উদ্বোধন করব না। তাতে আরও বেশি সময় লাগলে লাগবে। মন্দিরের ঠাকুরটা তৈরি হবে মার্বেলের। তবে পুজোর জন্য নিম কাঠে ঠাকুর তৈরি হবে। আমরা গিয়ে একটা ট্রাস্টি বোর্ড করব। কে পুজো করবে, কী ভাবে হবে- সব ঠিক হবে। আমরা ভোটের সময় পাহারাদার হই না, আমরা ৩৬৫ দিন পাহারাদার পুজোর সময়, আমার সমস্ত অফিসার কেউ ছুটি নেয় না। আমরা রাত জেগে পাহারা দিই।"ভাষাটা একটু শক্ত আছে। আমি এক লাইন বলব

এরপর ৩ পাতায়

# নোটের 'পাহাড়' দক্ষিণ কলকাতার আবাসনে!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সকাল থেকেই তদন্তকারীদের কয়েকটি দল কলকাতার লেক মার্কেট এবং আরও একটি জায়গায় তল্লাশি চালাচ্ছে। ইডি সূত্রের খবর, লেক মার্কেটের প্রিন্স গোলাম মহম্মদ শাহ রোডের একটি বহুতল আবাসনে এক ব্যক্তির ফ্ল্যাট থেকে কয়েক কোটি টাকা উদ্ধার হয়েছে।

প্রসঙ্গত, লটারি ব্যবসায়ী সান্তিয়াগো মার্টিন দেশজোড়া তোলপাড় ফেলে দেন এই ২০২৪ সালে, যখন সুপ্রিম কোর্টের নির্দেশে প্রকাশিত নির্বাচন কমিশনের তথ্যে দেখা যায়, নির্বাচনী বন্ডের মাধ্যমে রাজনৈতিক দলগুলিকে পাঁচ বছরে সবচেয়ে বেশি চাঁদা দিয়েছিল তাঁরই সংস্থা 'ফিউচার গেমিং'। বন্ডের মাধ্যমে মোট ১৩০০ কোটি টাকারও বেশি চাঁদা দেওয়া সেই মার্টিনের সংস্থা ও সহযোগীদের বিরুদ্ধে বৃহস্পতিবার পশ্চিমবঙ্গ-সহ একাধিক রাজ্যের অন্তত ২০টি ঠিকানায় একযোগে তল্লাশি চালায় ইডি। এর মধ্যে রয়েছে সল্টলেকের মহিষবাথান ও উত্তর ২৪ পরগনার মাইকেল নগর-সহ কলকাতার আশেপাশের চারটি ঠিকানাও। ৬০ হাজার কোটি টাকারও বেশি লটারি-দুর্নীতির তদন্তে এই তল্লাশি হয়েছে মার্টিন, তাঁর জামাই আধভ অর্জুন এবং তাঁদের সহযোগীদের সঙ্গে সম্পর্কিত ঠিকানাগুলিতে। পশ্চিমবঙ্গ ছাড়াও তামিলনাড়ুর চেন্নাই ও কোয়েম্বত্তুর, হরিয়ানার ফরিদাবাদ এবং পঞ্জাবের লুধিয়ানায় ইডি তল্লাশি চালাচ্ছে।নিয়ে আসা হয়েছে টাকা গোনার যন্ত্রও।

শহরের মধ্যে আরও একটি জায়গায় তল্লাশি চালাচ্ছে ইডির আর একটি দল। সূত্রের খবর, সেখানেও টাকা গোনার যন্ত্র

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ
E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা
ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ
সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই
বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

## হুগলি জেলা প্রশাসনের পক্ষ থেকে

# বিরসা মুন্ডার ১৫০ তম জন্ম দিবস পালিত হলো



**হুগলী : নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক উদ্যোগে শুক্রবার হুগলি জেলা পোলবা দাদপুর ব্লক কৃষি খামার প্রাঙ্গনে জেলা প্রশাসনের উদ্যোগে বিরসা মুন্ডার ১৫০-তম জন্ম দিবস পালিত হলো। এর উদ্বোধন করেন কলকাতা থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। হুগলি জেলা প্রশাসনের পক্ষ থেকে বিরসা মুন্ডার জন্ম দিবসে উপস্থিত ছিলেন জেলাশাসক মুক্তা আর্য, চন্দননগর পুলিশ কমিশনার অমিত পি জাভালগি, হুগলি গ্রামীন পুলিশের এসপি কামনাশিস সেন, হুগলির সাংসদ তথা অভিনেত্রী রচনা ব্যানার্জি, মিতালী বাগ, বিধায়ক অসিত মজুমদার, অসীমা পাত্র, তপন দাশগুপ্ত, জেলা পরিষদের সভাধিপতি রঞ্জন ধারা, সহকারি সভাধিপতি কৃষ্ণ চন্দ্র সাঁতরা, মৎস্য ও পূর্ত কর্মদক্ষ নির্মাল্য চক্রবর্তী, জেলা পরিষদের সদস্যা টিয়া পাত্র,সহ জেলার অন্যান্য সকল সদস্য এবং সদস্যাগণ উপস্থিত ছিলেন। প্রথমে প্রদীপ প্রজ্জলন করে শুভ সূচনা করেন জেলা শাসক এবং পুলিশ কমিশনার। বিরসা মুন্ডার জন্ম দিবস উপলক্ষে এখানে নানা রকম সংস্কৃতি অনুষ্ঠান, নাচ গান এবং সাউতাল নৃত্য অনুষ্ঠিত হয়।

## সংসদ অভিষেক ব্যানার্জি রাজ্যের বিভিন্ন জেলার স্তরে

# রদবদল আনতে চলেছে সময়ের অপেক্ষা



**কলকাতা : নিউজ সারাদিন :** ক'দিন আগের ঘটনা। কালীঘাটের ঘনিষ্ঠ সূত্রে খবর, সুব্রত বক্সীকে ডেকে মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, আপনি রদবদলের ব্যাপারটা নিয়ে অভিষেকের সঙ্গে একবার বসুন। তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সীকে ক্যামাক স্ট্রিটের অফিসে ডেকে এর আগেও একবার কথা বলেছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।সে বারও আলোচনার বিষয় ছিল সরকার ও সংগঠনে রদবদল। দিদির পরামর্শের পর এবার দু'জনে এখনও পর্যন্ত কথা বলেছেন কিনা তা অবশ্য স্পষ্ট নয়। তবে সূত্রের দাবি, যে কোনও দিন জেলাস্তরে সাংগঠনিক রদবদলের ঘোষণা হয়ে যেতে পারে। ওই সূত্রের মতে, 'বক্সীদা মানে সিলমোহর। আইপ্যাকের সমীক্ষার ভিত্তিতে অভিষেক রদবদলের যে নকশা তৈরি করেছেন, তা নিয়ে রাজ্য সভাপতি সামান্যতম আপত্তি করবেন, এমনটা প্রবীণ বক্সীদার চরিত্রে নেই। তা ছাড়া জেলাওয়াড়ি সংগঠনের বহু নেতাকে সুব্রত বক্সী ব্যক্তিগত ভাবে চেনেনও না। মুকুল রায়ের সঙ্গে এ ক্ষেত্রে তাঁর একটা মৌলিক ফারাক রয়েছে। সুতরাং ধরে নেওয়া যেতে পারে, অভিষেক যে বদলের প্রস্তাব করবেন সেটাই চূড়ান্ত বলে গৃহীত হবে।এখন কৌতূহলের বিষয় হল, কী ধরনের বদল হতে পারে জেলাস্তরের সংগঠনে? এ ব্যাপারে গোড়ায় একটা ফর্মুলা তৈরি করা হয়েছিল। তা হল, যাঁরা লোকসভা ভোটে সাংসদ হিসাবে নির্বাচিত হয়েছেন, তাঁদের আর জেলার দায়িত্বে রাখা হবে না। কিন্তু পরে মনে করা হচ্ছে, এই ফর্মুলা সব জায়গায় খাটানো যাবে না। যেমন, কৃষ্ণনগরের জেলা সভানেত্রীর পদ থেকে মহুয়া মৈত্রকে সরানো হতে পারে। মুর্শিদাবাদের জেলা সভাপতি পদ থেকে আবু তাহেরকে সরানোও হয়তো সময়ের অপেক্ষা। উত্তর কলকাতার জেলা সভাপতির পদ থেকে সুদীপ বন্দ্যোপাধ্যায়কে সরানোর সম্ভাবনাও আঠারো আনা। তা ছাড়া যাদবপুর লোকসভা আসনে জেতার পর সায়নী ঘোষকেও যুব

এরপর ৩ পাতায়

## গোসাবাতে গো মাতার আরতির মাধ্যমে

# শুভ রাস উৎসবের সূচনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শুভ রাস পূর্ণিমা উপলক্ষে সুন্দরবনের গোসাবা বিপ্রদাসপুর এলাকায় সনাতনী ভক্তবৃন্দ শ্রীকৃষ্ণের আরাধনা ও গোমাতা আরাধনার মাধ্যমে শুভ রাস উৎসবের সূচনা করা হয় এদিন সকালে নাম সংকীর্তনের মধ্যে দিয়ে ও প্রদীপ আরতির করে ভগবান শ্রীকৃষ্ণকে আরাধনা করা হয় এর পাশাপাশি এই আরাধনায় বিপ্রদাসপুর অঞ্চলের ৫০০ মহিলা এই আলোচনা এক শামিল হন। বাংলাদেশে সনাতনী হিন্দুদের উপর হওয়া অত্যাচার তার বিরুদ্ধে ভারতের সনাতনীদের মধ্যে একতা বন্ধন গড়ে তুলতে এই সনাতন ধর্মাবলম্বীদের এই রাজ উৎসবে মেতে ওঠা।

## রীতি মেনে রাস পূর্ণিমার দিনে গোপীবল্লভপুরে

# সুবর্ণরেখায় সূর্যদেবকে উৎসর্গ করে ভাসানো হয় নৌকা



অরূপ ঘোষ, ঝাড়গ্রাম

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাসযাত্রা উপলক্ষ্যে ঝাড়গ্রামের গোপীবল্লভপুরের সুবর্ণরেখা তীরবর্তী গ্রামের বাসিন্দারা নদীতে নৌকো ভাসানোর রীতি ধরে রেখেছেন। প্রতিবছর গ্রামবাসীরা রাসপুজোর দিন সকালে রাধাকৃষ্ণের মন্দিরে পুজো দেওয়ার আগে সূর্যদেবকে এই নৌকো উৎসর্গ করেন। জানা গিয়েছে, ওড়িশা ও ঝাড়খণ্ডের সীমান্তবর্তী গোপীবল্লভপুর এলাকার শ্যামসুন্দরপুর, গোপীবল্লভপুর, ধর্মপুর ও আশুই গ্রামের বাসিন্দারা প্রতিবছরই সুবর্ণরেখা নদীতে নৌকো ভাসিয়ে রাধাকৃষ্ণের মন্দিরে রাসপুজো দিয়ে থাকেন। নৌকো ভাসানোর আগে নদীর তীরে একটি জায়গায় বালির মধ্যে গুঁজে আঁখ, হলুদ তুলসী, কচু এই ধরনের পাঁচটি গাছকে পুজো করা হয়। নদী থেকে জল নিয়ে গাছের উপরে ঢালার রীতি রয়েছে। এই গাছকে পুজো করার পরে একটি শোলার তৈরি নৌকোর মধ্যে বিভিন্ন রঙিন কাগজের পতাকা দিয়ে নদীতে ভাসানো হয়। শুক্রবার রাসযাত্রা শুরুর দিনে সুবর্ণরেখার নদীতে গোপীবল্লভপুর এলাকার বিভিন্ন গ্রামের বাসিন্দারা এই নৌকা ভাসিয়েছেন। এই নিয়ে গোপীবল্লভপুর এলাকার আশুই গ্রামের বাসিন্দা সনাতন দাস,স্নেহাশিস দাস, সৌম্যদ্বীপ দাস ও অনুপ কররা জানান, পূর্বপুরুষদের আমল থেকেই আমরা রাসযাত্রার সময়ে নৌকো ভাসানোর রীতি পালন করে আসছি। রাধাকৃষ্ণের মন্দিরে পুজোর আগে এই নৌকো ভাসিয়ে সূর্যদেবকে নিবেদন জানানো হয়। আসলে এই সংস্কৃতি সুবর্ণরেখা তীরবর্তী ঝাড়খণ্ড ও ওড়িশা এলাকায় বেশি প্রচলিত। আমাদের গোপীবল্লভপুর এলাকাটি এই তিন রাজ্যের একটি মিলিত জায়গা। এখান থেকে দশ কিলোমিটার মধ্যে রয়েছে ওড়িশা ও ঝাড়খণ্ড। নৌকো ভাসানোর পরে আমরা রাধাকৃষ্ণের মন্দিরে পুজো দিয়ে থাকি। রাসযাত্রার সময়ে প্রতিবছর এলাকায় এই রীতি পালিত হয়।

## পৌরসভার কাগজে চিঠি লিখে

# কার্তিক ঠাকুর ফেলতে গিয়েই বিতর্কে জড়ালেন বৈদ্যবাটি পুরসভার এক তৃণমূল কাউন্সিলর

বেবি চক্রবর্ত্তী:হুগলী


**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এলাকাবাসীর বাড়িকে কার্তিক ফেলছে পৌরসভা! কার্তিক ঠাকুরের সঙ্গে আসা চিঠিতে অন্তত তেমনটাই ঠাওর হচ্ছে। আর তা ঘিরেই শোরগোল হুগলির বৈদ্যবাটিতে। শুরু হয়েছে রাজনৈতিক তরজাকার্তিক পুজোয় নববিবাহিত বন্ধুবান্ধবদের বাড়ি কার্তিক ফেলার রীতি রয়েছে বহুকাল ধরেই। সেই কার্তিক ঠাকুর ফেলতে গিয়েই বিতর্কে জড়ালেন বৈদ্যবাটি পুরসভার এক তৃণমূল কাউন্সিলর। স্থানীয় সূত্রে খবর, বৈদ্যবাটি পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর পৌষালি ভট্টাচার্য শ্যামল মাইতি নামে এক জনের বাড়ি কার্তিক ফেলেন, সঙ্গে ছিলেন কাউন্সিলরের অনুগামীরাও। কার্তিক ঠাকুরের সঙ্গে দেওয়া একটি চিঠি ঘিরে বিতর্ক দেখা দেয়। যা লেখা হয়েছে কাউন্সিলরের প্যাডে। সেখানে আবার লেখা রয়েছে 'পুরসভা অনুমোদিত'।

কাউন্সিলর নিজেই ফেসবুকে পোস্ট করেছেন। পোস্ট হতেই শুরু হয় বিতর্ক। এইভাবে পুরসভার প্যাডে এই ধরনের কাজ করা যায় কিনা তাই নিয়ে প্রশ্ন তুলেছে বিরোধীরা। ঘটনা জানাজানি হওয়ার পরেই বৈদ্যবাটি পুরসভার চেয়ারম্যান পিন্টু মাহাতো কড়া ধমক দেন ওই কাউন্সিলরকে।এই বিষয়ে পুরপ্রধান পিন্টু মাহাতো বলেন, "পুরসভার কাউন্সিলরের প্যাড পুরসভার কাজে ব্যবহার করার জন্য। এইভাবে ব্যক্তিগত কোন কাজ বা মজা করার জন্য তা ব্যবহার করা যায় না। যে কাউন্সিলর এই কাজ করেছে, তাঁর বিরুদ্ধে পদক্ষেপ করা হচ্ছে। আগামী দিন যাতে এই ধরনের কাজ আর না করেন, সেই নিয়ে তাঁকে সতর্কও করা হয়েছে।তবে এই নিয়ে কটাক্ষ করতে ছাড়েনি বিজেপি। বিজেপির যুব মোর্চার মুখপাত্র হরি মিশ্র বলেন, "যে চিঠিটি পুরসভার প্যাডে লিখে পাঠানো হয়েছে, তার মধ্যে লেখা রয়েছে কার্তিক ঠাকুরের জন্য ২০০০ টাকা লাগবে।" তাঁর বক্তব্য, এ থেকে বোঝা যাচ্ছে, তৃণমূল দল এমনই অবস্থায় চলে গিয়েছে, যে তাঁরা কার্তিক ঠাকুরকেও কাটমানি করতে ছাড়ছেন না।

যদিও এই বিষয়ে চাঁপদানির বিধায়ক তথা হুগলি শ্রীরামপুর সাংগঠনিক জেলা তৃণমূল সভাপতি অরিন্দম গুঁইন বলেন, "যে ঘটনাটি ঘটেছে তা নিছকই নিজেদের বন্ধুদের মধ্যে মসকরা করতে গিয়ে। এর মধ্যেও বিরোধীরা রাজনীতি খোঁজার চেষ্টা করছেন। তবে পুরসভার প্যাড ব্যবহার করা উচিত হয়নি।









## রাজারহাট আদিবাসী ভবনে বিরসা মুন্ডার

# ১৫০ তম জন্মবার্ষিকী পালন করল মুখ্যমন্ত্রী



বেবি চক্রবর্ত্তী:কলকাতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাহাড় থেকে ফিরে আজ রাজারহাটে আদিবাসী ভবনে বিরসা মুন্ডা দিবস পালন করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার ভগবান বিরসা মুন্ডার ১৫০তম জন্মদিবস। চলতি বছর জেলাগুলিতে সপ্তাহব্যাপী বিরসা মুন্ডার ১৫০তম জন্মজয়ন্তী পালনের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। আজ থেকে শুরু হওয়া এই অনুষ্ঠান ২১ নভেম্বর পর্যন্ত চলবে। কখনও সিপাহি বিদ্রোহ কখনও মুন্ডা বিদ্রোহের নেতৃত্ব দিতে দেখা গিয়েছে আদিবাসী নেতাদের। ব্রিটিশদের বিরুদ্ধে লড়াইয়ে এরকম একটি উজ্জ্বল নাম বিরসা মুন্ডা। ঝাড়খণ্ডের রাঁচি অঞ্চলের একজন মুন্ডা আদিবাসী এবং সমাজ

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# পুরীর মন্দিরের সঙ্গে কোথায় মিল দিঘার জগন্নাথ মন্দিরের? বিগ্রহ কিসের তৈরি? জানালেন মমতা

সাঁওতালিতে। ভাষাটা শেখার চেষ্টা করব। আগামী প্রজন্মের জানা দরকার বিরসা মুন্ডার সম্পর্কে। তাই এই অনুষ্ঠান। আমরা এখন আইন করেছি আদিবাসীদের হাতে থাকবে।" মমতা আরও বলেন, "জঙ্গলের অধিকার জঙ্গলের অধিবাসীদের থাকা উচিত। এটাও আমরা করেছি বিরসা মুন্ডা যেগুলো বলতেন আমরা এখন সেগুলো করেছি। বিরসা মুন্ডা আন্দোলন দেখে আজকের প্রজন্ম অনুপ্রাণিত হয়। ট্রাইবেল ডেভেলপমেন্ট কমিটির বৈঠক আগামী ১৮ তারিখ। জঙ্গল আগে ছিল রক্তাক্ত, ক্ষুধার্ত শোষণাক্ত। আমরা এখন জঙ্গলে শান্তি ফিরিয়ে দিয়েছি। তিরন্দাজী একাডেমির সাফল্যের কথা বলছেন মুখ্যমন্ত্রী। আমি চাই এই একাডেমীর খেলোয়াড়রা আগামী দিনে অলিম্পিকে পদক জিতবে। জিমনাস্টিককে আরেকটু গুরুত্ব দিলে সেখানেও সাফল্য আসবে। ট্রাইবেল ডিপার্টমেন্টের বাজেটে আমাদের সময় এখন বেড়ে দেড় হাজার কোটি টাকা বাজেট। আগে কিছুই ছিল না। গেড়ি গুগলী খেয়ে থাকতো। ৪৯ হাজার মানুষ ফরেস্টা পাট্টা পেয়েছে। একাধিক আবাসিক স্কুল চালু করা হয়। একাধিক হস্টেলে চালু হয়েছে। বিদেশে পড়তে গেলে কুড়ি লক্ষ টাকা পর্যন্ত লোন পাওয়া যায়। সিএসকে বলব, গরিব বেকওয়ার্ড ক্লাসকে বলবো এই প্রকল্পগুলোর মধ্যেযুক্ত করতে।"

১-ম পাতার পর

# নোটের 'পাহাড়' দক্ষিণ কলকাতার আবাসনে!

নিয়ে যাওয়া হয়েছে। বৃহস্পতিবার কলকাতার লেক মার্কেট এবং উত্তর ২৪ পরগনার মাইকেল নগরে তল্লাশি অভিযানে যান ইডির আধিকারিকেরা। অভিযোগ উঠেছিল, লটারির মাধ্যমে কোটি কোটি টাকা প্রতারণা হয়েছে। আর এই প্রতারণার ঘটনায় প্রভাবশালী যোগেরও তত্ত্ব উঠে এসেছে। সেই মামলারই তদন্তে দিল্লি থেকে আসে ইডির বিশেষ দল। তারা লেক মার্কেট এবং বিমানবন্দর সংলগ্ন মাইকেল নগরে তল্লাশি অভিযানে যায়।

মাইকেল নগরে লটারির ছাপাখানা এবং গুদাম রয়েছে। সেখানেই তল্লাশি চালানো হয়। অন্য দিকে, লেক মার্কেটের এক আবাসনেও তল্লাশি চালায়। শুক্রবারেও ওই আবাসনে তল্লাশি চালানোর সময় কয়েক কোটি নগদ টাকা উদ্ধার হয়েছে বলে ইডি সূত্রের খবর। এই প্রথম নয়, এর আগেও ২০২৩ সালের অক্টোবরে লটারির বেআইনি টাকার যোগসূত্র খুঁজতে উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামে একটি লটারি সংস্থার ছাপাখানা এবং গুদামে তল্লাশি অভিযান চালান আয়কর দফতরের আধিকারিকেরা। সেই সময়ে আর্থিক প্রতারণার অভিযোগ উঠেছিল। অভিযোগ উঠেছিল, প্রকৃত পুরস্কারপ্রাপকদের বঞ্চিত করে ওই সংস্থা পুরস্কারের কোটি কোটি টাকা প্রতারণা করেছে। আর্থিক অনিয়মেরও অভিযোগ ওঠে। তার পরই এই তল্লাশি অভিযান বলে মনে করা হচ্ছে। এই প্রতারণার জাল কত দূর বিস্তৃত, কারা এই চক্রের সঙ্গে জড়িত, তার তদন্ত হচ্ছে বলে ইডি সূত্রের খবর।

২ পাতার পর

# রাজারহাট আদিবাসী ভবনে বিরসা মুন্ডার ১৫০ তম জন্মবার্ষিকী পালন করল মুখ্যমন্ত্রী

সংস্কারক ছিলেন বীরসা মুন্ডা। এই সংগ্রামকে বরাবর সম্মান জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তাঁর উদ্যোগেই শুরু হয়েছে এই বিশেষ দিনে আদিবাসী সংগ্রামী নেতা বীরসা মুন্ডাকে। আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী ছাড়াও রাজ্যের বনমন্ত্রী বীরবাহা হাজদা সহ অন্যান্য কর্মী সহ সকল আদিবাসী জাতির মানুষেরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

২ পাতার পর

# সংসদ অভিষেক ব্যানার্জি রাজ্যের বিভিন্ন জেলার স্তরে রদবদল আনতে চলেছে সময়ের অপেক্ষা

সভানেত্রীর পদ থেকে সরানো হতে পারে। কিন্তু বাঁকুড়ার জেলা সভাপতি পদ থেকে অরূপ চক্রবর্তীকে হয়তো সরানো নাও হতে পারে। কারণ, বিকল্প মুখ নেই। তা ছাড়া বাঁকুড়ার তালড্যাংরা বিধানসভার উপ নির্বাচনে তৃণমূল বিপুল ব্যবধানে জিতবে বলে দল মনে করছে। এর পর অরূপকে সরানোর খুব একটা যৌক্তিকতা হয়তো থাকবে না। আসন্ন এই রদবদলে সবচেয়ে বড় ধাক্কা দেওয়া হতে পারে উত্তরবঙ্গের সংগঠনে। রাজনীতির ব্যাপার স্যাপারে অনেকেরই স্মৃতি খুব দুর্বল। কিন্তু একটু পিছনে হাঁটলে দেখা যাবে এ বছর একুশে জুলাইয়ের মঞ্চে কোচবিহারের চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ ও শিলিগুড়ির মেয়র গৌতম দেবকে মঞ্চে ওঠার 'পাস' দেওয়া হয়নি। পরে সুব্রত বক্সীর কাছে কাকুতিমিনতি করে অনুমতি পেয়েছিলেন গৌতম। রবীন্দ্রনাথ ঘোষ তাও পাননি। অনেকের মতে, উত্তরবঙ্গে ব্যাপক রদবদলের যে সম্ভাবনা রয়েছে তার একটা ইঙ্গিত এই ক্ষুদ্র ছবিতেই ধরা ছিল। উত্তরবঙ্গে কোচবিহার বাদে প্রায় সব জেলারই জেলা সভাপতি বদল করা হতে পারে। সেই সঙ্গে ব্লক স্তরেও বহু নেতাকে সভাপতির পদ থেকে সরানোর সম্ভাবনা প্রবল। দক্ষিণবঙ্গেও কয়েকটি সাংগঠনিক জেলায় বদল অনিবার্য বলে মনে করা হচ্ছে। যেমন কাঁথি ও তমলুক এই দুই সাংগঠনিক জেলায় সভাপতি বদল করা হতে পারে। তবে পূর্ব মেদিনীপুরে বদল হলেও পশ্চিম মেদিনীপুরের সংগঠনে হয়তো কোনও বদল হবে না। বরং মেদিনীপুরের জেলা সভাপতি সুজয় হাজরাকে আরেকটু উচ্চতা দিতে তাঁকে বিধানসভার উপ নির্বাচনে প্রার্থী করা হয়েছে। সভাপতি বদল করা হতে পারে পুরুলিয়া জেলাতেও। তা ছাড়া অবধারিত ভাবেই বদল করা হবে বিষ্ণুপুর সাংগঠনিক জেলার সভাপতি। জেলা ও ব্লক স্তরে সংগঠনের পাশাপাশি বিপুল সংখ্যক পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানকে পদ থেকে সরানো হতে পারে। এ ক্ষেত্রে একটা সহজ সূত্র রয়েছে। মোটামুটি ভাবে যে সব পুরসভায় অধিকাংশ ওয়ার্ডে লোকসভা ভোটে পিছিয়ে ছিল তৃণমূল, সেখানে বদল একপ্রকার অবশ্যম্ভাবী। মমতা বন্দ্যোপাধ্যায়ের ঘনিষ্ঠ এক নেতার কথায়, জেলায় বড় সমস্যা হল অনেক জেলা সভাপতি নিজের গোষ্ঠীকে নিয়ে চলেন। সবাইকে সঙ্গে নিয়ে চলেন না। নতুন সভাপতি বাছাইয়ের ক্ষেত্রে এমন মুখ তুলে আনা হবে যাঁর জেলায় ও জেলা সংগঠনের মধ্যে গ্রহণযোগ্যতা রয়েছে। সেই সঙ্গে কর্তৃত্বের সঙ্গে পূর্ণ সময় দিয়ে সংগঠন চালাতে পারেন। কারণ, মনে রাখতে হবে বিধানসভা ভোটের দিকে তাকিয়ে এই রদবদল করা হবে। তাই প্রোডাক্টিভ টিম তৈরি করতে চান অভিষেক।

জেলা সংগঠন ও পুরসভা স্তরে এই বদলের পর রাজ্য মন্ত্রিসভাতেও একটা রদবদল হতে পারে। সে বিষয়ে কার্যকারণ অবশ্য পৃথক ভাবে আলোচনা করা যেতে পারে।

# ঝাড়খণ্ডে মোদির বিমানে যান্ত্রিক ত্রুটি!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের ঝাড়খণ্ডের দেওঘরে দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিমানে যান্ত্রিক গোলোযোগ দেখা দেয়। ঝাড়খণ্ডে দু'টি জনসভায় যোগ দিয়েছিলেন তিনি। সভা সেরে ফিরছিলেন দিল্লিতে। তখনই এই বিপত্তি ঘটে।

আগামী বুধবার ঝাড়খণ্ডে দ্বিতীয় তথা শেষ দফার নির্বাচন। তার আগে শুক্রবার আদিবাসী অধ্যুষিত রাজ্যটিতে দু'টি সভা করেন মোদি। তার পরেই দিল্লি ফিরে যাওয়ার কথা ছিল তার।

পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী, প্রচার শেষে দেওঘর থেকে বিমানে দিল্লি ফিরে যাওয়ার কথা ছিল মোদির। কিন্তু যান্ত্রিক ত্রুটির কারণে নির্ধারিত সময়ে বিমান ওড়েনি। কী কারণে যান্ত্রিক গোলযোগ, তা খতিয়ে দেখা হচ্ছে।

প্রাথমিক ভাবে জানা গেছে, আপাতত দেওঘর বিমানবন্দরেই অপেক্ষা করছেন মোদি। বিমানবন্দরের নিরাপত্তা আঁটসাঁট করা হয়েছে। একটি সূত্র মারফত জানা গিয়েছে, দিল্লি থেকে বিকল্প বিমান দেওঘরের উদ্দেশে রওনা দিয়েছে। সেই বিমানেই দিল্লি ফিরতে পারেন মোদি।

# আরও অশান্ত মণিপুর, বিশেষ ক্ষমতা আইন জারি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত কয়েক দিনে নতুন করে উত্তপ্ত হয়ে উঠেছে ভারতের মণিপুর। জিরিবাম, পশ্চিম ইম্ফল, বিষ্ণুপুরসহ একাধিক জেলায় সংঘর্ষের পরিস্থিতি তৈরি হয়েছে। এবার পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বৃহস্পতিবার থেকে রাজ্য জুড়ে ছয়টি থানা এলাকায় নতুন করে চালু করা হল 'সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন' ('আর্মড ফোর্সেস স্পেশ্যাল পাওয়ার অ্যাক্ট' বা আফস্পা)। বৃহস্পতিবার ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জারি করা একটি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পশ্চিম ইম্ফলের সেকমাই ও লামসাং, পূর্ব ইম্ফলের লামলাই, বিষ্ণুপুরের মইরাং, কাংপোকপির লেইমাখং এবং জিরিবাম থানা এলাকায় নতুন করে আফস্পা চালু করা হয়েছে। উল্লেখ্য, গত মাসের শুরুতেই মণিপুরে ছয় মাসের জন্য বর্ধিত হয়েছিল আফস্পা-র মেয়াদ। ইম্ফল, বিষ্ণুপুর, জিরিবাম-সহ ১৯টি থানা এলাকা বাদ দিয়ে গোটা রাজ্যেই এই আইনের মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল। এবার আরও ছয়টি থানায় বলবৎ হল সশস্ত্র বাহিনীর বিশেষ ক্ষমতা আইন। ওই ছয়টি এলাকাকে 'অশান্ত অঞ্চল' বলে অভিহিত করেছে ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ছয়টি থানা এলাকায় নিরাপত্তা বজায় রাখতে এবং বিদ্রোহী গোষ্ঠীগুলির কার্যকলাপ নিয়ন্ত্রণ করতেই এই পদক্ষেপ।

গত ৭ নভেম্বর গভীর রাতে জিরিবাম জেলার জাইরন গ্রামে হামলা চালায় এক দল বিদ্রোহী। গ্রামের অন্তত ১৭টি বাড়িতে আগুন ধরিয়ে দেওয়া হয়। উল্লেখ্য, গত সেপ্টেম্বর মাস থেকেই মণিপুরে মেইতেই ও কুকি জনগোষ্ঠীর মধ্যে সংঘর্ষে পরিস্থিতি আবার উত্তপ্ত হয়ে উঠেছে। দফায় দফায় সংঘর্ষ চলছে মণিপুরের বিস্তীর্ণ এলাকা জুড়ে। বিভিন্ন এলাকায় তল্লাশি অভিযান চালিয়ে প্রচুর গোলাবারুদ ও আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করেছে পুলিশ ও আধাসেনার যৌথ দল।

১৯৮০ সাল থেকেই আফস্পা-র আওতায় মণিপুরের বিস্তীর্ণ এলাকাকে 'অশান্ত অঞ্চল' বলে অভিহিত করা হয়ে এসেছে। ২০০৪ সালে থাংজাম মনোরমার ধর্ষণ ও হত্যার পর ব্যাপক প্রতিবাদের জেরে ইম্ফলের কয়েকটি জায়গায় আফস্পা আইন প্রত্যাহার করে নেওয়া হয়।

# দিল্লির বায়ুদূষণের মারাত্মক অবনতি, বন্ধ সব প্রাইমারি স্কুল


**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শীত মৌসুম শুরুর আগেই ভয়াবহ বায়ুদূষণে বিপর্যস্ত ভারতের রাজধানী নয়াদিল্লি। প্রতিদিনই বাতাসের মানের অবনতি এবং তা 'খুব খারাপ' পর্যায়ে পৌঁছে যাওয়ায় এবার নয়াদিল্লির সকল প্রাইমারি স্কুল বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ।



শুক্রবার (১৫ নভেম্বর) থেকেই এই সিদ্ধান্ত কার্যকর হচ্ছে। অবশ্য স্কুল বন্ধ হলেও শিক্ষার্থীদের পাঠদানের কাজ চলবে অনলাইনে। এছাড়া ধোঁয়াশায় আচ্ছন্ন দিল্লির পরিস্থিতির উন্নতি ঘটাতে বেশ কিছু পদক্ষেপও নিয়েছে সেখানকার কর্তৃপক্ষ। সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্সে দেওয়া এক পোস্টে ভারতের রাজধানীর মুখ্যমন্ত্রী অতিশি মারলেনা সিং বলেছেন, নয়াদিল্লি শহরটিকে ঘিরে থাকা ঘন ধোঁয়াশার কারণে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ক্লাস অনলাইনে চলবে।

জানা গেছে, দূষণের প্রকোপে দিল্লি ছাড়াও রয়েছে নয়ডা, গাজিয়াবাদ, গুরুগ্রাম ও ফরিদাবাদ। বেশিরভাগ জায়গায় দৃশ্যমানতা কমে ৫০০ থেকে ৮০০ মিটারে দাঁড়িয়েছে। তার জন্য

এরপর ৪ পাতায়



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩০৮ সংখ্যা ১৬ নভেম্বর, ২০২৪ শনিবার ৩০ কার্ত্তিক, ১৪৩১

## সম্পাদকীয়

# হাসিনাই ভালো ছিলেন! 'নতুন' বাংলাদেশ দেখে হাত কামড়াচ্ছে আমেরিকা


সম্পূর্ণ পালটে গিয়েছে বাংলাদেশের রাজনৈতিক চিত্র। শেখ হাসিনার পতনের পর মাথাচারা দিচ্ছে জামাত, হেফাজতে ইসলামির মতো মৌলবাদী দলগুলো। জেল থেকে মুক্তি পেয়েছে একাধিক জঙ্গি নেতা। একের একের ঐতিহাসিক মূর্তি-ভাস্কর্য ভাঙচুরের পাশাপাশি অত্যাচারের খাঁড়া নেমে এসেছে হিন্দু-সহ অন্যান্য সংখ্যালঘুদের উপর।প্রসঙ্গত, হাসিনা বহুবার অভিযোগ জানিয়েছিলেন যে, তাঁকে গদিচ্যুত করতে চায় আমেরিকা। চলতি বছরের ৭ জানুয়ারি বাংলাদেশের সাধারণ নির্বাচনের সময় গণতন্ত্র ও মানবাধিকার লঙ্ঘন নিয়ে ঢাকাকে তোপ দেগেছিল ওয়াশিংটন। সেসময় ক্ষমতায় ছিল হাসিনা সরকার। এছাড়া সেন্ট মার্টিন দ্বীপে সেনাঘাঁটি তৈরির আবেদন জানিয়েছিল মার্কিন প্রশাসন। যা ফিরিয়ে দেন হাসিনা। তার পর থেকেই দুদেশের সম্পর্কের ফাটল চওড়া হয়। কয়েকদিন আগে আমেরিকাতে প্রেসিডেন্ট নির্বাচন হয়েছে। বিপুল ভোটে জয় পেয়েছেন ট্রাম্প। বাংলাদেশের হিন্দুদের উপর যেভাবে অত্যাচার হচ্ছে সেকথা শোনা গিয়েছিল ট্রাম্পের গলাতেও। তিনি বলেন। "হিন্দু, খ্রিস্টান এবং অন্যান্য সংখ্যালঘুদের উপর হামলা চলছে বাংলাদেশে। লাগাতার আক্রমণ করে লুটপাট চালাচ্ছে দুষ্কৃতীরা। সবমিলিয়ে চূড়ান্ত অশান্তি। আমার নজরে থাকলে এমনটা কখনই হতে পারত না।" নির্বাচনে জয়লাভ করার জন্য রিপাবলিকান নেতাকে অভিনন্দন জানিয়েছিলেন হাসিনা। তার পরই জল্পনা শুরু হয়, প্রেসিডেন্ট হওয়ার পরে কি বাংলাদেশের 'হাল ফেরাতে' উদ্যোগী হবেন ট্রাম্প? প্রত্যাবর্তন ঘটবে হাসিনার?এর উত্তর রয়েছে সময়ের গর্বে।প্রতিনিয়িত তাঁদের নানা হুমকির সম্মুখীন হতে হচ্ছে। যা নিয়ে রীতিমত আতঙ্কিত আমেরিকা। এই পরিস্থিতিতে এবার ওয়াশিংটনের মনে হচ্ছে বাংলাদেশে হাসিনার শাসনই ঠিক ছিল!জুলাই মাসে ছাত্র আন্দোলনে জ্বলে ওঠে বাংলাদেশ। বহু রক্ত ঝরার পর গত ৫ আগস্ট গণঅভ্যুত্থানের মুখে প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়ে দেশ ছাড়েন হাসিনা। ক্ষমতাচ্যুত হয় আওয়ামি লিগ সরকার। হাসিনার পতনে অনেকেই আমেরিকার গভীর ষড়যন্ত্রের গন্ধ পেয়েছিলেন। কারণ মুজিবকন্যার সঙ্গে আমেরিকার সংঘাত কারও অজানা নয়। মহম্মদ ইউনুসের অন্তর্বর্তী সরকার ক্ষমতায় আসার পর ঢাকার সঙ্গে সম্পর্ক মজবুত করার আহ্বান জানিয়েছিল ওয়াশিংটন। কিন্তু এখন বাংলাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে উদ্বিগ্ন আমেরিকা। হাসিনার শাসনকালের কথা তুলে ধরে হোয়াইট হাউসের প্রাক্তন আধিকারিক লিসা কার্টিস বৃহস্পতিবার জানান, "বাংলাদেশের ভবিষ্যৎ নিয়ে আমরা গভীরভাবে উদ্বিগ্ন। বাংলাদেশ এখন কঠিন সন্ধিক্ষণে দাঁড়িয়ে আছে। শেখ হাসিনা রাজনৈতিক পরিকাঠামো উন্নত করার জন্য নানা পদক্ষেপ করেছিলেন। তাঁর সময় অনেক আশার আলো ছিল। গণতন্ত্র আরও শক্তিশালী হওয়া নিয়ে আশাবাদী ছিলেন নাগরিকরা।"বাংলাদেশের ইতিহাসে অন্যতম রক্তাক্ত দিন ২০১৬ সালের ১ জুলাই। সেদিন রাজধানী ঢাকার গুলশনে হোলি আর্টিজান বেকারিতে ভয়াবহ সন্ত্রাসী হামলা হয়েছিল। হাসিনাহীন বাংলাদেশে গুঁড়িয়ে দেওয়া হয়েছিল সেই গুলশন হামলার স্মারক। মূর্তি ভেঙে লাগিয়ে দেওয়া হয় নিষিদ্ধ জঙ্গি সংগঠন হিজবুত তাহরিরের পোস্টার। গুলশন হামলার প্রসঙ্গত তুলে লিসা কার্টিস বলেন, "বাংলাদেশের সন্ত্রাসবাদের ইতিহাস রয়েছে। ২০১৬ সালের হোলি আর্টিজানের ঘটনা আমাদের সকলের মনে আছে। ইসলামিক স্টেট তাদের কার্যকলাপ বাড়িয়ে তুলেছিল। কিন্তু শেখ হাসিনা খুব কড়া হাতে সন্ত্রাসবাদ দমন করেছিলেন। উগ্রপন্থাকে নিয়ন্ত্রণে রেখেছিলেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আবার সেই উগ্রপন্থাই ফিরে আসছে রাজনীতিতে। যা বাংলাদেশের অশনি সংকেত। আঞ্চলিক ক্ষেত্রে কিংবা আমেরিকার জন্যও এই পরিস্থিতি উদ্বেগের। বিষয়টিকে হয়ত সদ্য নির্বাচিত ডোনাল্ড ট্রাম্প অগ্রাধিকার নাও দিতে পারেন। কিন্তু ট্রাম্প এবং তাঁর দলের এনিয়ে কিছু করার প্রয়োজন রয়েছে।" কার্টিসের এই বক্তব্য থেকে প্রশ্ন উঠছে, হাসিনার উৎখাতে কি তাহলে হাত কামড়াচ্ছে আমেরিকা?

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(তৃতীয় পর্ব)

নির্দেশ ছিল, বারো বছরের মধ্যে মন্দির নির্মাণ সম্পূর্ণ হলেই মন্দিরে সাধারণের প্রবেশ অবাধ থাকবে। কিন্তু তা হয়নি। তাই নাট মন্দির থেকেই দর্শন করতে হয় দেবীকে। শীর্ষে রাধাকৃষ্ণ, তারপর আদ্যাশক্তি মহামায়া এবং দেবীর নীচে রামকৃষ্ণ পরমহংসদেব। এভাবেই সাজানো মূল মন্দিরের কক্ষ। ভোগেও বৈশিষ্ট্য রয়েছে। রাধাকৃষ্ণের জন্য সাড়ে বত্রিশ সের চালের রান্না হয়। দেবীর জন্য সাড়ে বাইশ সের চাল বরাদ্দ। এবং রামকৃষ্ণ পরমহংসদেবের জন্য সাড়ে




বারো সের চালের রান্না হয়। এ ব্যবস্থা প্রতিদিনের। মূল মন্দিরের নির্মাণেও বৈচির্ত্যের ছোঁয়া। মন্দিরের চূড়ায় সর্ব ধর্মের প্রতীক ব্যবহৃত। আছে হিন্দু ধর্মের ত্রিশুল, বৌদ্ধ ধর্মের পাখা, খ্রীষ্ট ধর্মের ক্রুশ এবং ইসলাম ধর্মের চাঁদ-তারা। জনশ্রুতি, এমন ভাবনা স্বপ্নাদেশ অনুযায়ী। দেবী যে সর্বজনীন।

আদ্যা মা -- মায়ের মধুর নামে রয়েছে শক্তি। সেই শক্তিতেই জীবনের সমস্ত বিপর্যয় থেকে মুক্তি পাওয়া যায়। প্রচলিত আছে প্রতিদিন যদি আদ্যাস্তোত্র পাঠ করা যায় তবেই জীবনের বিভিন্ন সমস্যা থেকে উত্তরণ সম্ভব। কঠিন ব্যাধি থেকে জীবনের বাধা বিপত্তি, আর্থিক অনটন থেকে সুখের সময়ের বাধা। সে আর এক অলৌকিক কাহিনী দেবীর এই কথা শুনে অন্নদা এক প্রকার আঁতকে ওঠেন। সে ভাবতে থাকে, পুজোপাঠ না করায় মা রাগ করে চলে যাচ্ছেন। তখন দেবী বলেন, 'আমি শুধু শাস্ত্র বিহিত মতে পুজো পেতে চাই তা নয়। মা

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# হেলিকপ্টারে রাহুলকে তিন ঘণ্টা 'বসিয়ে' রাখলেন মোদি!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উড্ডয়নের অনুমতি না মেলায় ঝাড়খণ্ডে প্রায় তিন ঘণ্টা আটকে রইল ভারতের লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীর হেলিকপ্টার। এই ঘটনায় কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন 'এয়ার ট্র্যাফিক কন্ট্রোল' (এটিসি)-এর বিরুদ্ধে রাজনৈতিক ষড়যন্ত্রের অভিযোগ তুলেছে কংগ্রেস।

শুক্রবার বিধানসভা ভোটের প্রচারে ঝাড়খণ্ডের গোড্ডায় গিয়েছিলেন রাহুল। সেখানকার মহাগনায় সভা করার পরে তার অন্য একটি কর্মসূচিতে যোগ দেওয়ার কথা ছিল। কিন্তু তার হেলিকপ্টারের উড়ানের অনুমতি দিতে এটিসি দু'ঘণ্টার বেশি দেরি করায় রাহুলকে আটকে থাকতে হয়।

ঝাড়খণ্ডে ৮১টি বিধানসভা আসনের মধ্যে গত ১৩ নভেম্বর প্রথম দফায় ৪৩টি আসনে ভোট হয়েছে। আগামী ২০ নভেম্বর (বুধবার) বাকি ৩৮টিতে হবে। গণনা ২৩ নভেম্বর। ভোটের আগে রাহুলের হেলিকপ্টার বিভ্রাটের ঘটনা তাই রাজনৈতিক মাত্রা পেয়েছে। ঘটনাচক্রে, শুক্রবার গোড্ডার অদূরে দেওঘরে যান্ত্রিক ত্রুটির কারণে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিমান উড়তে দেরি হয়। কংগ্রেসের অভিযোগ, মোদীর নিরাপত্তার বাড়াবাড়ির কারণেই আটকে রাখা হয় রাহুলকে।

৩ পাতার পর

# দিল্লির বায়ুদূষণের মারাত্মক অবনতি, বন্ধ সব প্রাইমারি স্কুল

স্বাভাবিকভাবেই ব্যাহত হচ্ছে যান ও বিমান চলাচল। এই কারণেই মূলত বিভিন্ন ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

রাজধানীর দূষণ নিয়ে সমীক্ষায় এরই মধ্যে উঠে এসেছে চাঞ্চল্যকর তথ্য। দেখা গেছে, প্রতি ৭ থেকে ১০টি পরিবারের মধ্যে কমপক্ষে একজন এই বিষাক্ত দূষণের শিকার। ক্রমবর্ধমান দূষণের কারণে গলাব্যথা বা কাশি, চোখে জ্বালাপোড়া ভাব, নাক দিয়ে পানি পড়াসহ একাধিক উপসর্গ দেখা দিচ্ছে। সমীক্ষকদের দাবি, দিল্লিতে যে হারে দূষণ বেড়েছে তা সরাসরি জনগণের স্বাস্থ্যের ওপর প্রভাব ফেলছে।

# আবারও বোমাতঙ্ক, কলকাতাগামী ফ্লাইটের জরুরি অবতরণ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বোমা আতঙ্কে কলকাতাগামী ভারতীয় সংস্থা ইন্ডিগোর একটি ফ্লাইট ছত্তিশগড়ের রায়পুর বিমানবন্দরে জরুরি অবতরণ করেছে।

আজ বৃহস্পতিবার সকালে রায়পুর বিমানবন্দরে ফ্লাইটটি জরুরি অবতরণ করে। ইন্ডিগোর ওই ফ্লাইটটিতে ১৮৭ জন যাত্রীসহ ছয়জন ক্রু ছিলেন।

রায়পুরের সিনিয়র পুলিশ সুপার সন্তোষ সিং বলেছেন, বিমানবন্দর কর্তৃপক্ষ বোমা হামলার হুমকি পাওয়ার পরে নাগপুর থেকে কলকাতার উদ্দেশে উড্ডয়ন করা উড়োজাহাজকে সরিয়ে নেওয়া হয়েছে। উড়োজাহাজটি




ছত্তিশগড়ের রাজধানী রায়পুরের বিমানবন্দরে সকাল ৯টার কিছু পরে অবতরণ করে। পরে নিরাপত্তা পরীক্ষার জন্য দ্রুত বিচ্ছিন্ন উপসাগরে নেওয়া হয়। তিনি আরও বলেন, কারিগরি কর্মীরা এবং বোমা স্কোয়াডের সদস্যরা উড়োজাহাজটি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করছেন।

প্রসঙ্গত, গত কয়েক সপ্তাহে ধারাবাহিকভাবে একাধিক ভারতীয় বিমান সংস্থার কাছে বোমা হামলার হুমকি পাঠানো হচ্ছে। অভ্যন্তরীণ ফ্লাইট তো বটেই, আন্তর্জাতিক ফ্লাইটেও ছড়ানো হচ্ছে বোমাতঙ্ক। গত দু'সপ্তাহে পাঁচ শতাধিক ফ্লাইটে বোমা থাকার হুমকির তথ্য ছড়িয়েছে।

আর গত সপ্তাহেই কলকাতা বিমানবন্দরে আসা-যাওয়ার অন্তত সাতটি ফ্লাইটে বোমাতঙ্ক ছড়িয়েছে। যদিও পরে দেখা যায়, সব ফ্লাইটেই বোমা রাখার তথ্য ভুয়া।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সমুদ্র হল অশেষ ধন-রত্নের আধার। ধনরত্নে পরিপূর্ণ বলে সমুদ্রকে রত্নাকরও বলা হয়। যেহেতু লক্ষ্মী দেবী হলেন ধন-সম্পদের দেবী সেহেতু সমুদ্র থেকে দেবী লক্ষ্মীর উৎপত্তির কাহিনী কল্পিত হওয়া বিচিত্র কিছু নয়। বিষ্ণু হলেন জগতের প্রতিপালক। প্রজাদের লালন-পালন করতে ধন-রত্নের প্রয়োজন রয়েছে আর সেজন্যই বিষ্ণু ধন-ঐশ্বর্যের লক্ষ্মী দেবীকে বুকে স্থান দিলেন। লক্ষ্মী দেবীর রূপ লক্ষ্মী দেবী বিভিন্ন স্থানে বিভিন্ন রূপে অধিষ্ঠান করেন।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## ছেলের ২২তম জন্মদিনে আবেগাপ্লুত মালাইকা





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অনেকেই বলেন, সময় নদীর স্রোতের মতো। কখন যে তা পার হয়ে যায়, বলা বড়ই মুশকিল। ঠিক সেভাবেই জন্মের পর কখন যে ধীরে ধীরে অনেকটা বড় হয়ে উঠেছে তার আদরের ছোট্ট আরহান, বুঝতেই পারেননি অভিনেত্রী মা মালাইকা অরোরা।

৯ নভেম্বর ২২ বছরের পা রাখল আরবাজ-মালাইকার আদরের একমাত্র সন্তান আরহান। ছেলের জন্মদিনে আবেগঘন একটি পোস্ট করেছেন মালাইকা অরোরা। প্রকাশ করেছেন একগুচ্ছ ছবি।

প্রথম ছবিতেই স্কুল থেকে ফেরা ছোট্ট আরহানকে বুকে টেনে জড়িয়ে ধরতে দেখা যাচ্ছে মালাইকাকে। আবার ঠিক পরের ছবিতেই আরহান অনেকটাই বড়। ছেলের সঙ্গে বিদেশে বেড়ানোর ছবিও পোস্ট করতে দেখা গেছে অভিনেত্রীকে।

আর তৃতীয় ছবিতে রয়েছে দুই সময়কালের ছবি। ডানদিকে মায়ের কোলে এক্কেবারেই ছোট্ট আরহান। আর ডানদিকে কিশোর আরহান। চতুর্থ ছবিটি আরহানের বর্তমান সময়ের। পোষ্যকে কোলে নিয়ে বসে থাকতে দেখা যাচ্ছে মালাইকা পুত্রকে।

ছবিগুলি পোস্ট করে মালাইকা লিখেছেন, 'শুভ জন্মদিন আমার ছোট্ট বাচ্চা ছেলে (জন্মদিনের কেক) মাম্মা তোমাকে সবচেয়ে বেশি ভালবাসে (লাল হৃদয় ইমোজি)।'

টুইঙ্কল খান্না লাল হৃদয়ের ইমোজি পোস্ট করেছেন। এক অনুরাগী লিখেছেন, 'লোকে যাই বলুক না কেন, মালাইকা একজন ভালো মা।' আরও একজন লিখেছেন, 'এত সুন্দর ছবি! শুভ জন্মদিন আরহান।'

আরহান হল মালাইকা ও তার প্রাক্তন স্বামী আরবাজ খানের ছেলে। ২০০২ সালে মালাইকা-আরবাজের জীবনে আসে আরহান। সেসময় তারা ছিল সুখী দম্পতি। ২০১৬ সালে বিবাহ-বিচ্ছেদ হয় আরবাজ ও মালাইকার। ১৯ বছর ধরে বিবাহিত জীবন ছিল তাদের। বিচ্ছেদের পর বাবা-মা দুজনের কাছেই থাকতে পারেন তাদের ছেলে।

মালাইকা এক সাক্ষাৎকারে বলেছিলেন 'আরহানকে কো-প্যারেন্টিং করা প্রথম দিকে একটু কঠিন ছিল। অনেক পরে গিয়ে তা সহজ হয়'।

বর্তমান আরহান আমেরিকায় ফিল্ম মেকিং নিয়ে পড়াশোনা করছেন। ছেলেকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়েছেন বাবা আরবাজ খানও।

## করিনাকে বিয়ের সময় হত্যার হুমকি পান সাইফ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ২০১২ সালে দুই পরিবারের সম্মতিতে কারিনা কাপুরকে বিয়ে করেন সাইফ আলি খান। পতৌদি পরিবারের নবাবের সঙ্গে হিন্দু কাপুর পরিবারের মেয়ের বিয়ের খবর শুনে অনেকেই অবাক হয়েছিলেন। এখন যে তারা সুখী দম্পতি তা বলাই বাহুল্য। কিন্তু কারিনাকে বিয়ের আগে নাকি হত্যার হুমকি পেয়েছিলেন সাইফ আলি খান। সেই ঘটনা নিজেই জানালেন বলিউডের নবাব। কারিনার বাবা রনধীর কাপুরের কাছে অজ্ঞাত পরিচয় কেউ খুনের হুমকি দেওয়া চিঠি পাঠিয়েছিলেন। সেখানে লেখা ছিল- 'এই বিয়ে হলে পরিবার ক্ষতিগ্রস্ত হবে এবং সাইফ-কারিনার বিয়ের ভেন্যুতেও হামলা চালানো হবে।'

সাইফ আলি জানান, ষাটের দশকে যখন তার বাবা-মা মনসুর আলি খান পতৌদি এবং শর্মিলা ঠাকুর ভিনধর্মী বিয়ে করেছিলেন, তখনও এরকম ঘটনা ঘটেছিল।

অভিনেতা বলেন, 'আমরা বিয়ে করি, কিছু মানুষ আসলে সেটা ভালোভাবে নেয়নি। আমার শ্বশুরের কাছে একাধিক হুমকিবার্তা এসেছিল। বলা হয়েছিল, আমাদের বিয়ের ভেন্যু নাকি উড়িয়ে দেওয়া হবে। নয়তো পরিবারের কারও ক্ষতি করা হবে। তবে এসবে ভয় পাইনি আমি। কারণ হুমকি দেওয়া আর সেটাকে কাজ করে দেখানোর মধ্যে যে পার্থক্য রয়েছে, সেটা জানতাম।'

শর্মিলা ঠাকুর নিজেও একবার এক সাক্ষাৎকারে বলেছিলেন, মনসুর আলি খান পতৌদির সঙ্গে তার বিয়ের সময়ে কলকাতার বাড়িতে টেলিগ্রামে হুমকিবার্তা পাঠিয়ে বলা হয়েছিল- 'এরপর গুলি কথা বলবে...।'

## সামান্থার হাতের এই ঘড়ির যা দাম তা দিয়ে কেনা যাবে বিলাসবহুল গাড়ি!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** দক্ষিণী অভিনেত্রী সামান্থা রুথ প্রভুকে নিয়ে আলোচনা যেন থামছেই না।নাগার্জুনের সঙ্গে বিচ্ছেদের পর থেকেই নানা কারণে চর্চায় থাকছেন তিনি। সম্প্রতি সোশাল মিডিযায় তার ছিপছিপে চেহারা নিয়ে সমালোচনার কড়া জবাব দিয়েছেন সামান্থা। বেশ অনেক দিন ধরে অভিনেত্রী মায়োসাইটিস-এ ভুগছেন। এই রোগের সঙ্গে লড়াই করার জন্য তাঁকে অ্যান্টি-ইনফ্লেমেটরি ডায়েটে থাকতে হয়। সেই কারণেও ওজন কমেছে অভিনেত্রীর। গোটা বিষয়টি স্পষ্ট ভাবে বুঝিয়ে দিয়েছেন তিনি। তবে অসুস্থতাকে সঙ্গে নিয়েই কাজ করে চলেছেন সামান্থা। কয়েক ওটিটিতে মুক্তি পেয়েছে তার নতুন ওয়েব সিরিজ 'সিটাডেল: হানি বানি'। এ সপ্তাহে সেই সিরিজের বিশেষ স্ক্রিনিংয়ে উপস্থিত ছিলেন সামান্থা। তার সাজগোজ সব সময়ই নজর কেড়ে নেয়। তবে এ দিন সামান্থার পোশাক নয়, নজর কেড়েছে নায়িকার ডান হাতের কব্জিতে সাপের মতো পেঁচিয়ে থাকা সোনালি রঙের ঘড়িটি। তার পর থেকেই ঘড়ির দাম নিয়ে শুরু হয়েছে চর্চা। সেই ঘড়ির দামে নাকি কেনা যাবে বিলাসবহুল গাড়ি।

সামান্থা যে শৌখিনী, তার প্রমাণ মেলে নায়িকার বেশভূষা, সাজগোজে। শুধু শৌখিনী বলা ভুল হবে, সামান্থা একই সঙ্গে সাজগোজ নিয়ে মারাত্মক খুঁতখুঁতেও। এমন মানুষের হাতেই এমন শৌখিন ঘড়ি মানায়, অনুরাগীদের তেমনটাই মত। ঘড়ি, কিন্তু দেখতে পুরোটাই ব্রেসলেটের মতো। দুই প্যাচের ছোট্ট ডায়াল সহ এই ঘড়িটি 'বুগেরি'র। বিদেশি এই সংস্থার অন্যতম কালেকশন হল 'সারপেন্টি টিউবোগাস ডবল স্পাইরাল' নামক সামান্থার হাতের এই ঘড়িটি।

ঘড়ির প্যাঁচের অংশটি তৈরি হয়েছে ১৮ ক্যারেটের সোনা দিয়ে। আর ডায়ালে হিরা আর রূপা দিয়ে কুচির কাজ। দেখলেই চোখ ধাঁধিয়ে যাওয়ার মতো। এমন হিরে-জহরত বসানো ঘড়ির দাম কত হতে পারে, তা নিয়ে একটি অস্পষ্ট ধারণা কমবেশি সকলেরই আছে। তবে সংস্থার ওয়েবসাইটে বলছে, এই ঘড়িটির দাম ৪৫ লাখ ৪৭ হাজার টাকা। সামান্থার এই ঘড়ির দামে কিনে ফেলা যাবে বিলাসবহুল গাড়ি!

## দাদি হারালেন কঙ্গনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিনেত্রী কঙ্গনা রানাউত এখন পুরোদস্তর নেত্রী। মাসখানেক হলো পথচলা শুরু করেছেন ভারতের একজন সংসদ সদস্য হিসেবে। সিনেমার চেয়ে রাজকার্যেই সময় যাচ্ছে বেশি। এরইমধ্যে এলো মন খারাপ করা খবর।

কঙ্গনার দাদি ইন্দ্রাণী ঠাকুর মারা গেছেন। ঘর পরিষ্কার করতে গিয়ে মস্তিষ্কে রক্তক্ষরণ হয় তার। গতকাল শনিবার রাতে শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি। কাছের মানুষ হারিয়ে শোকার্ত কঙ্গনা। সামাজিক মাধ্যমে খবরটি নিজেই জানিয়েছেন।

লিখেছেন, 'আমার দিদা গত হয়েছেন। শোকে বিহ্বল গোটা পরিবার। তিনি ছিলেন এক অসাধারণ নারী। আমার দিদার পাঁচ সন্তানই ছিল তার মূল সম্পদ। দাদুর খুব একটা অর্থস্বচ্ছলতা না থাকা সত্ত্বেও সন্তানেরা যাতে ভালোভাবে মানুষ হন, সেদিকে খেয়াল রেখেছেন। বিশেষ করে মেয়েদের উচ্চশিক্ষার দিকে নজর দিয়েছিলেন। সেইসময়ও দিদার মেয়েরা সরকারি চাকরি পেয়েছিলেন। প্রত্যেক সন্তান ছিল তার গর্ব।'

অভিনেত্রী আরও লেখেন, 'আমার দিদা এতটাই স্বাস্থ্যবান ও প্রাণবন্ত ছিলেন যে, একশো বছরের বেশি বয়স হওয়া সত্ত্বেও নিজের সমস্ত কাজ তিনি নিজেই করতেন। দিন কয়েক আগেই ঘর পরিষ্কার করতে গিয়ে মস্তিষ্কে রক্তক্ষরণ হয়। যার ফলে শয্যাশায়ী হয়ে পড়েছিলেন। আমাদের সকলের অনুপ্রেরণা তিনি। আজীবন থাকবেন আমাদের মধ্যেই।'

## ২৭ বছর পর ফের একসঙ্গে অজয়-আমির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুইজনই বলিউডের বড় অভিনেতা। সেই সঙ্গে ভাল বন্ধু। তার পরও পর্দায় তাদের একসঙ্গে খুব বেশি দেখা যায়নি। ১৯৯৭ সালে মুক্তি পায় ইন্দ্র কুমার পরিচালিত ছবি 'ইশ্‌ক'। এই ছবিতে অজয় দেবগন এবং আমির খান প্রথম একসঙ্গে অভিনয় করেন। তারপর গেটে গেছে ২৭ বছর। অবশেষে দুই অভিনেতা ফের একসঙ্গে কাজের ইচ্ছা প্রকাশ করেছেন।

শনিবার মুম্বাইয়ে 'তেরা ইয়ার হু ম্যায়' ছবির মহরতে উপস্থিত ছিলেন আমির ও অজয়। এই ছবির মাধ্যমে ইন্দ্রের ছেলে আমন ইন্দ্র কুমার অভিনয়ে পা রাখছেন।

অজয় প্রসঙ্গে জিজ্ঞাসা করা হলে আমির বলেন, 'অজয়ের সঙ্গে দেখা হলে ভাল লাগে। আমাদের খুব বেশি দেখা হয় না। কিন্তু দেখা হলে সেটা একে অপের প্রতি ভালবাসা এবং শ্রদ্ধায় ভরে ওঠে।'

আমির প্রসঙ্গে বলতে গিয়ে 'ইশ্‌ক' ছবির স্মৃতিচারণ করেন অজয়। তার কথায়, 'ছবির শুটিংয়ের সময়ে আমরা খুব মজা করেছিলাম। আমার তো মনে হয় আমাদের আবার একসঙ্গে ছবি করা উচিত।'

অজয়ের মন্তব্যকে সমর্থন করেন আমির। এই খবর ছড়িয়ে পড়তেই অনুরাগীদের মনে কৌতূহল, তাহলে কি এই জুটি 'ইশ্‌ক'-এর সিক্যুয়েলের প্রতি ইঙ্গিত করেছেন। তবে দুই অভিনেতা যে একসঙ্গে কাজ করার ইচ্ছা প্রকাশ করেছেন, তা জেনে খুশি অনুরাগীদের একটা বড় অংশ।

## প্রিমিয়ার লীগে

# ফের ইউনাইটেডের জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এরিক টেন যুগের পর যেন বদলে যাওয়া এক ম্যানচেস্টার ইউনাইটেডের দেখা মিলল।এই ডাচ কোচের বিদায়ের পর চার ম্যাচের কোনটিতেই হারের দেখা পায়নি রেড ডেভিলসরা।২৭ অক্টোবর ব্যর্থতার দায়ে এরিক টেন হাগ চাকরি হারানোর পর অন্তর্বর্তীকালীন কোচের দায়িত্ব পান ডাচ কিংবদন্তি নিস্টলরয়। ইউনাইটেডে টেন হাগের সহকারী হিসেবেই কাজ করছিলেন সাবেক এই কোচ।দায়িত্ব নেওয়ার পর চার ম্যাচের মধ্যে তিনটিতেই দলকে এনে দিয়েছেন জয়, অন্য ম্যাচটি ড্র হয়েছে।

লিগ ম্যাচে লেস্টাকে ৩-০ ব্যবধানে হারিয়েছে তারা।

ঘরের মাঠ ওল্ড ট্র্যাফোর্ডে শুরু থেকেই আধিপত্য ছিল তাদের। ৫২ শতাংশ সময় বল দখলে রেখে ১৩ শট নেয়া ইউনাইটেড ১৭ মিনিটেই পেয়ে যায় সাফল্যের দেখা। ডি-বক্সের সামনে থেকে দারুণ এক বাঁকানো শটে জাল খুঁজে নেন ব্রুনো ফের্নান্দেজ। সমতায় ফেরার বদলে ৩৮তম মিনিটে উল্টো নিজেদের বিপদ ডেকে আনে লেস্টার। আত্মঘাতী গোল করেন লেস্টারের ডিফেন্ডার ভিক্তর ক্রিস্তিয়ানসেন। তাতে ২-০ ব্যবধানে এগিয়ে থেকে মাঠ ছাড়ে স্বাগতিকরা।

বিরতির পরও আধিপত্য বজায় রাখে রেড ডেভিলরা। তবে খুব একটা গোলের সুযোগ তৈরি করতে পারছিল না তারা। শেষমেশ ৮২তম মিনিটে ফের্নান্দেজের পাস দখলে নিয়ে ২০ গজ দূর থেকে দুর্দান্ত শটে জাল খুঁজে নেন আলেহান্দ্রো গারনাচো। তাতে ৩-০ ব্যবধানে জয় নিয়ে মাঠ ছাড়ে ইউনাইটেড।

এই জয়ে ১১ ম্যাচ শেষে ১৫ পয়েন্ট নিয়ে তালিকার ১৩ নম্বরে থাকল ইউনাইটেড। আর সমান ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে লেস্টারের অবস্থান ১৫।

## মায়ামির হারে মেসির স্বপ্নভঙ্গ



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** সুযোগটা কাজে লাগাতে পারলোনা লিওনেল মেসির ইন্টার মায়ামি। মেসির গোল সত্ত্বেও মেজর লিগ সকারে 'বেস্ট অব থ্রি' প্লেঅফের তৃতীয় ম্যাচে বাংলাদেশ সময় রোববার সকালে আটালান্টার কাছে ৩-২ গোলে হেরেছে লিওনেল মেসির দল। তবে মায়ামির মাঠে এ দিন জয়ের নায়ক জামাল থিয়ারি ও বার্তোস সিস্নশ। আটলান্টার সেনেগালিজ ফরোয়ার্ড থিয়ারি দুটি গোল করেন প্রথমার্ধে। ২-২ সমতায় থাকা অবস্থায় জয়সূচক গোলটি করেন পোলিশ মিডফিল্ডার সিস্নশ। ম্যাচের শুরুর গোলটি করেছিল মায়ামি। ১৭ মিনিটে ডাইভ করা একটি সেভে মেসিকে রুখে দেন আটালান্টা গোলরক্ষক ব্র্যাড গুজান। পরে লুজ বল থেকে জাল কাঁপান মাতিয়াস রোহাস। দুই মিনিট বাদে অবশ্য সমতা ফেরায় আটালান্টা। ড্যাক্স ম্যাককাট্রির দিক বদলে যাওয়া পাস গিয়ে পড়ে জামাল থিয়ারি কাছে। সুযোগ পেয়ে সেটা জালে পাঠান তিনি। কিছুক্ষণ পর অবশ্য মায়ামিকে স্তব্দ করে দেন থিয়ারি। আবার গোল করে আটালান্টাকে ২-১ ব্যবধানে এগিয়ে দেন। ২৩ মিনিটে ডিয়েগো গোমেজ ভেবেছিলেন মায়ামিকে সমতায় ফেরাতে পেরেছেন। কিন্তু তার শট বাতিল হয়ে যায় অফসাইডে। সমতা ফেরানোর জন্য মায়ামি বার বার চেষ্টা করলেও তখন তাদের হতাশ করেছেন আটালান্টা গোলরক্ষক গুজান। ৬৫ মিনিটে শেষ পর্যন্ত স্কোর ২-২ করেন মেসি। মার্সেলো ভিয়েগান্টের ক্রস থেকে দারুণ এক হেড করে জাল কাঁপিয়েছেন এই আর্জেন্টাইন তারকা। মিয়ামির ফরোয়ার্ডরা তার পর জয়সূচক গোলের জন্য হন্যে হয়ে হানা দিতে থাকে। কিন্তু তাদের হতাশ করে ছাড়ে আটালান্টা। উল্টো নিজেরা গোল করে ৩-২ ব্যবধানের জয় নিশ্চিত করে। ৭৬ মিনিটে পেদ্রো আমাদোরের ক্রস থেকে হেড করেন পোলিশ মিডফিল্ডার বার্তোস সিস্নশ। পরে শত চেষ্টা করেও আর খেলায় ফিরতে পারেনি ইন্টার মায়ামি। এই জয়ে কনফারেন্স সেমি-ফাইনালে খেলা নিশ্চিত করলো আটালান্টা। প্রথম রাউন্ডে হেরে গেলেও আগামী বছর ক্লাব বিশ্বকাপে খেলবে মায়ামি। এই ক্লাবে আরও এক বছর চুক্তি আছে মেসির। আরেকটি সুযোগ অন্তত তাই তিনি পাবেন এমএলএস কাপ জয়ের। লুইস সুয়ারেসের চুক্তি শেষ এই মৌসুমেই। তবে নতুন চুক্তির আলোচনা ক্লাবের সঙ্গে চলছে বলে জানিয়েছেন উরুগুয়ের এই ফরোয়ার্ড।

## ৮ গোল করে নতুন রেকর্ড চেলসির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উয়েফা কনফারেন্স ফুটবল লিগের ইতিহাসে সবচেয়ে বড় ব্যবধানে জয়ের রেকর্ড গড়েছে ইংলিশ ক্লাব চেলসি। লিগে নিজেদের তৃতীয় ম্যাচে চেলসি ৮-০ গোলে হারিয়েছে আর্মেনিয়ার ক্লাব এফসি নোয়াকে।

২০২১ সালে শুরু হওয়া উয়েফা কনফারেন্স লিগের ইতিহাসে এতোদিন সবচেয়ে বড় ব্যবধানে জয় ছিলো ৬ গোলের।

নিজেদের ফুটবল ইতিহাসে দ্বিতীয় সর্বোচ্চ জয়ের রেকর্ড গড়লো চেলসি। এর আগে ১৯৭১ সালে লুক্সেমবার্গেও দল জেউনেসে হাউচেরেজের বিপক্ষে ১৩-০ গোলে জিতেছিলো চেলসি।

ঘরের মাঠে নোয়ার বিপক্ষে প্রথমার্ধে ৬-০ গোলে এগিয়ে ছিলো চেলসি। দ্বিতীয়ার্ধে বাকী দুই গোল করে জয়ের রেকর্ড গড়ে তারা।

চেলসির পক্ষে জোড়া গোল করেন হোয়াও ফেলিক্স ও ক্রিস্টোফার এনকুনকু। বাকী চার গোল করেন টসিন অ্যাডারাবিয়ো, মার্স গুইয়ু, অ্যাক্সেল দিসাই ও মিখাইলো মুড্রিক।

ম্যাচ শেষে চেলসির কোচ এনজো মারেস্কা বলেন, 'খেলোয়াড়রা আবারও দেখিয়েছে তারা কতটা পেশাদার ও সিরিয়াস ছিলো। এই ধরনের খেলায় পিছলে পড়া বা পড়ে যাওয়া খুবই সহজ। ফুটবল হলো বিস্ময়ে ভরা। আমি এই ম্যাচের আগে তাদেরকে পেশাদারিত্ব দেখাতে বলেছিলাম, তারা সেটা করেছে।'

চলতি কনফারেন্স লিগে ৩ ম্যাচ শেষে ৯ পয়েন্ট নিয়ে গোল গড়ে এগিয়ে থেকে টেবিলের শীর্ষে আছে চেলসি।

## হাঁটুর চোটে

# মৌসুম শেষ মিলিতাওয়ের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টানা দুই ম্যাচ হারের বিবর্ণতা পেছনে ফেলে শনিবার জয়ে ফিরেছিল রিয়াল মাদ্রিদ।তবে সেই স্বস্তি যেন দ্রুতই মিলিয়ে গেছে লস ব্লাংকোদের। ৯ নভেম্বর।) ওসাসুনাকে উড়িয়ে দেওয়ার দিনেও দুঃসংবাদ পেয়েছে রিয়াল।এদিন হাটুর চোটে পড়া এদের মিলিতাও।পড়ে জানা গেছে মৌসুমই শেষ হয়ে গেছে এই ডিফেন্ডারের।

টানা দুটি হারের পর শনিবার লা লিগায় ভিনিসিউস জুনিয়রের হ্যাটট্রিকে ওসাসুনাকে ৪-০ গোলে হারিয়ে জয়ের পথে ফেরে রেয়াল। এই ম্যাচেই মিলিতাওসহ তিন ফুটবলারকে হারায় ইউরোপের সফলতম দলটি।


২০তম মিনিটে উইঙ্গার রদ্রিগো চোট পেয়ে মাঠ ছেড়ে যাওয়ার কিছুক্ষণ পর প্রতিপক্ষের এক খেলোয়াড় টেনে ফেলে দেন মিলিতাওকে। প্রচণ্ড ব্যথায় কুঁকড়ে ওঠেন তিনি। চোখে জল নিয়ে স্ট্রেচারে মাঠ ছাড়েন এই সেন্টার-ব্যাক।

পরীক্ষা-নিরীক্ষার পর রিয়াল বিবৃতি দিয়ে জানিয়েছে, মিলিতাওয়ের এন্টিরিয়র ক্রুসিয়েট লিগামেন্ট (এসিএল) ছিঁড়ে গেছে। কয়েকদিনের মধ্যে অস্ত্রোপচার করানো হবে তার।

এবারের চোট ডান হাঁটুতে। গত বছরের অগাস্টে তিনি চোট পেয়েছিলেন বাম হাঁটুতে। সেবার বাইরে থাকতে হয়েছিল ২৩২ দিন।

হাঁটুতে চোট নিয়ে মিলিতাও মাঠ ছাড়লে তার পরিবর্তে মাঠে নামানো হয় তাদের একাডেমির খেলোয়াড় রাউল অ্যাসেনসিওকে। এই ম্যাচের মধ্য দিয়ে প্রতিযোগিতামূলক ম্যাচে অভিষেক হয়ে গেলো অ্যাসেনসিওর। ব্রাজিলিয়ান ডিফেন্ডার মিলিতাওয়ের অনুপস্থিতিতে রক্ষণভাগে রুডিগারের ভালো পার্টনার হতে পারেন এই তরুণ। এদিকে রিয়ালের আরেক ফরোয়ার্ড রদ্রিগোকেও বেশ অস্বস্তি বোধ করতে দেখা যায়। পরে খেলার ২০ মিনিটে তাকেও তুলে নেওয়া হয়। তার বদলে মাঠে নামানো হয় মরক্কোর ফুটবলার ব্রাহিম দিয়াজকে।

## সমতায় শেষ লন্ডন ডার্বি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শিরোপা দৌড়ে ঠিকে থাকার জন্য আর্সেনালের জয়ের দরকার ছিল। শুরতে এগিয়ে যাওয়া গানার্সরা জয়ের পথেই ছিল।চেলসি সমতা ফেরালেও শেষদিকে একাধিক সহজ সুযোগ মিস না করলে চার ম্যাচ পর জয় নিয়েই মাঠ ছাড়তে পারত মিকেল আর্তেতার দল।

ইংলিশ প্রিমিয়ার লিগে সোমবার হাইভোল্টেজ লড়াইটি শেষ হয়েছে ১-১ সমতায়। দুটি গোলই হয়েছে দ্বিতীয়ার্ধে।গাব্রিয়েল মার্তিনেল্লি আর্সেনালকে এগিয়ে নেওয়ার পর সমতা ফেরান পেদ্রো নেতো।

প্রথমার্ধেই এগিয়ে যেতে পারত আর্সেনাল।৩১ আগস্টের পর চোট কাটিয়ে আজই প্রথম মাঠে ফেরা মার্টিন ওডেগার্ডে ফ্রিকিক থেকে ৩২ মিনিটে গোল করেছিলেন কাই হাভার্টজ। ভিএআরে অফসাইডের কারণে বাতিল হয় সেই গোল।

গোলশূন্য প্রথমার্ধের পর আর্সেনাল ৬০তম মিনিটে এগিয়ে যায় গ্যাব্রিয়েল মার্তিনেল্লির গোলে।মার্টিন ওডেগোরের চমৎকার পাস দূরের পোস্টে পেয়ে গোলরক্ষকের পাশ দিয়ে গতিময় শটে জাল খুঁজে নেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড।

১১ মিনিট পরে স্বাগতিক চেলসি সমতায় ফেরে নেতোর গোলে। আগস্টে উলভারহ্যাম্পটন ছেড়ে চেলসিতে যোগ দেওয়ার পর নেতো প্রিমিয়ার লিগে আজই প্রথম গোল পেলেন।

চেলসি ও লিগে টানা চার ম্যাচে জয়হীন আর্সেনাল শীর্ষ দল লিভারপুলের চেয়ে ৯ পয়েন্টে পিছিয়ে। ১১ ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে চারে আর্সেনাল। সমান পয়েন্ট নিয়েও গোল পার্থক্যে তিনে চেলসি। এই ম্যাচের আগেই নটিংহাম ফরেস্ট নিউক্যাসলের কাছে হেরে যাওয়ায় ড্র করেই শীর্ষ চারে উঠেছে চেলসি ও আর্সেনাল।

## অবশেষে ওয়ার্নারের বিকল্প বেছে নিল অস্ট্রেলিয়া



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ডেভিড ওয়ার্নারের অবসরের পর ওনিংয়ে তুলে আনা হয় স্টিভেন স্মিথকে। কিন্তু আস্থার প্রতিদান দিতে পারেননি তারকা এই ব্যাটার।

এরপর থেকেই আগ্রহের বিষয় ছিল টেস্টে উসমান খাওয়াজার ওপেনিং সঙ্গী কে হচ্ছেন তা নিয়ে। অবশেষে জানা গেল উত্তর। ভারতের বিপক্ষে বোর্ডার গাভাস্কার ট্রফিতে খাওয়াজার সঙ্গে দেখা যাবে ন্যাথান ম্যাকসুয়েনিকে।

আগামী ২২ নভেম্বর পার্থ টেস্ট দিয়ে শুরু এই সিরিজ। এই দিনই উসমান খাওয়াজার সঙ্গে ইনিংস শুরু করবেন ২৫ বছর বয়সী ডানহাতি এই ওপেনার।

৫ ম্যাচের সিরিজের প্রথম টেস্টের ১৩ সদস্যের একাদশে চমক আরেকটি। রিজার্ভ ব্যাটসম্যান হিসেবে রাখা হয়েছে ২৯ বছর বয়সী কিপার-ব্যাটসম্যান জশ ইংলিশকে।

খাওয়াজার ওপেনিং সঙ্গী হিসেবে উঠে এসেছিল আরও দুটি নাম- মার্কার হ্যারিস ও ক্যামেরন ব্যানক্রফট। ঘরোয়া ক্রিকেটে দুজনেই রানের বন্যা বইয়ে দিয়ে কড়া নাড়ছিলেন নির্বাচকদের। কিন্তু ধারাবাহীকতার পাশাপাশি কন্ডিশন, কেমন বোলিং আক্রমণের বিপক্ষে রান করেছেন এসব বিষয়গুলো আমলে নিয়ে শেষ পর্যন্ত দলে নেওয়া হয় ম্যাকসুয়েনিকে।

ম্যাকসুয়েনির প্রথম শ্রেণির ক্যারিয়ার এমনিতে খুব সমৃদ্ধ নয়। ৩৪ ম্যাচে ৬ সেঞ্চুরিতে ২ হাজার ২৫২ রান করেছেন তিনি ৩৮.১৬ গড়ে। তবে গত দুই মৌসুমে তার গড় ৪৩.৪৪। ৬টি সেঞ্চুরিই করেছেন এই সময়ে।

সবশেষ ভারতীয় 'এ' দলের শক্তিশালী বোলিং আক্রমণের বিপক্ষে আনঅফিসিয়াল টেস্টে প্রথম ইনিংসে ৩৯ রান করার পর দ্বিতীয় ইনিংসে খেলেন ম্যাচ জেতানো ৮৮ রানের ইনিংস।

অফ স্পিনের হাতও মন্দ নয় ম্যাকসুয়েনির। পাশাপাশি আছে নেতৃত্বগুণ। সাউথ অস্ট্রেলিয়াকে তো নেতৃত্ব দিচ্ছেনই, অস্ট্রেলিয়া 'এ' দলের অধিনায়কত্বও করেছেন।

তবে একটা প্রশ্ন রয়েই গেছে ম্যাকসুয়েনিকে নিয়ে। ওপেনার হিসেবে দলে নিলেও তিনি ওপেনার নন। তিনি ব্যাটিং করেন সাধারণত তিন অথবা চারে। অস্ট্রেলিয়ার ঘরো প্রথম শ্রেণির ক্রিকেট শেফিল্ড শিল্ডে কখনও ওপেন করেননি তিনি। সব প্রশ্নের উত্তর দিয়ে দিলেন প্রধান নির্বাচক জর্জ বেইলি।

"তিন নম্বর থেকে ওপেনিংয়ে উঠে আসাটা খুব বড় পরিবর্তন নয়। সাউথ অস্ট্রেলিয়ার হয়ে যে ১৫টির মতো ম্যাচে সে তিন নম্বরে খেলেছে, এর মধ্যে ২০ বারই সম্ভবত ১০ ওভারের মধ্যে ক্রিজে যেতে হয়েছে তাকে। অনেক অভিজ্ঞতা তার আছে। তার খেলার যে ধরন এবং যেভাবে সে খেলে, আমার মনে হয় না খুব বেশি মানিয়ে নিতে হবে তাকে (ওপেনিংয়ে)।"

ম্যাকসুয়েনি নিজেও ব্যাপারটিকে দেখেন একইভাবে।

"স্রেফ একটি পজিশন ওপরে খেলতে নামা ছাড়া বাকি সবকিছুই একইরকম, আমার প্রস্তুতিও। তিন নম্বরে ব্যাটিংয়ের জন্য আমাকে নতুন বল খেলাই অনুশীলন করতে হয়। তিনে খেললেও অনেক সময় প্রথম ওভারে ক্রিজে যেতে হয়।"

অস্ট্রেলিয়ার নতুন ওপেনার হিসেবে ম্যাকসুয়েনিকেই পছন্দ সাবেক অধিনায়ক রিকি পন্টিংয়ের। যার উত্তরসূরী হচ্ছেন এই ওপেনার, সেই ডেভিড ওয়ার্নারও কদিন আগে তার পক্ষে রায় দিয়ে ম্যাকসুয়েনিকে বলেছেন, 'কমপ্লিট ব্যাটসম্যান'।

ইংলিশ সীমিত ওভারের নিয়মিত সদস্য। প্রথম শ্রেণির ক্রিকেটে তার রান আছে ৩ হাজারের বেশি। চলতি মৌসুমে শেফিল্ড শিল্ডে দুটি ম্যাচ খেলে সেঞ্চুরি করেছেন দুটিতেই। তারই পুরস্কার পেলেন তিনি।

ভারতের বিপক্ষে এই টেস্ট সিরিজের প্রস্তুতির জন্য পাকিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে খেলবেন না কামিন্স, স্টার্ক, হেইজেলউড, হেড, মার্শরা। এই কারণে পাকিস্তানের বিপক্ষে ওয়ানডে সিরিজের শেষ ম্যাচে নেতৃত্বে ছিলেন ইংলিশ। টি-টোয়েন্টির নেতৃত্বেও আছেন তিনি।

অস্ট্রেলিয়া টেস্ট দল: প্যাট কামিন্স (অধিনায়ক), উসমান খাওয়াজা, ন্যাথান ম্যাকসুয়েনি, মার্নাস লাবুশেন, স্টিভেন স্মিথ, ট্রাভিস হেড, মিচেল মার্শ, অ্যালেক্স কেয়ারি, ন্যাথান লায়ন, মিচেল স্টার্ক, জশ হেইজেলউড, জশ ইংলিস, স্কট বোল্যান্ড।

## বার্সালোনার জয়রথ

# থামাল সোসিয়াদাদ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার লীগ মৌসুমে শুরু থেকে শীর্ষে থাকা বার্সালোনা শেষ সাত ম্যাচেই পেয়েছে জয়ের দেখা।সোসিয়াদের বিপক্ষেও রবিবার ফেভারিট হিসেবেই মাঠে নেমেছিল কাতালান ক্লাবটি।তবে এদিন চেনা ছন্দে খুঁজে পাওয়া যায়নি হ্যান্সি ফ্লিকের দলকে।আক্রমণভাগের বিবর্ণতায় শেষ পর্যন্ত ম্যাচই হেরে যায় তারা।

সান সেবাস্তিয়ানে রোববার রাতে ১-০ গোলে হারল হান্সি ফ্লিকের দল।ম্যাচের ব্যবধান গড়ে দেওয়া গোলটি করেন শেরালদো বেকার। প্রথমার্ধে ম্যাচের একমাত্র গোলটি করেন ২৯ বছর বয়সী ফরোয়ার্ড।

সব প্রতিযোগিতা মিলিয়ে টানা সাত জয়ের পর হারের তেতো স্বাদ পেল বার্সেলোনা। চলতি মৌসুমে লা লিগায় দ্বিতীয় এবং সব প্রতিযোগিতা মিলিয়ে তাদের তৃতীয় হার এটি

লা লিগা ও চ্যাম্পিয়ন্স লিগ মিলিয়ে প্রথম ১৬ ম্যাচে ৫৫ গোল করা দল মৌসুমে এই প্রথম কোনো ম্যাচে জালের দেখা পেল না।

এই হারের পরেও ১৩ ম্যাচে ১১ জয়ে ৩৩ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে বার্সেলোনা। তাদের চেয়ে এক ম্যাচ কম খেলে ২৭ পয়েন্ট নিয়ে দুইয়ে গতবারের চ্যাম্পিয়ন রেয়াল মাদ্রিদ।বার্সেলোনার সমান ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে আট নম্বরে উঠেছে রেয়াল সোসিয়েদাদ।

স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR